তারিখ 9 FEB
পৃষ্ঠা 2 ... 2

# গাইড বাণিজ্যে হিমশিম অভিভাবক

প্রতিনিধি, সদরপুর (ফরিদপুর)

সরকার কর্তৃক শিক্ষার্থীদের বিনা মূল্যে পাঠ্য বই দেয়া হলেও ফরিদপুরের
সদরপুরে প্রাথমিকমও মাধ্যমিক পর্যায়ের বিভিন্ন স্কুল ও মাদ্রাসা কর্তৃক নির্ধারিত
সহায়ক ও গাইড বই কিনতে শিক্ষার্থীদের বাধ্য করছে বলে অভিযোগ পাওয়া
গিয়েছে। ফলে সহায়ক ও গাইড বই কিনতে অনেক অভিভাবক রীতিমত হিমশিম
খাচ্ছে। সদরপরে প্রায় ১৩০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়, প্রায় ২৫টি মাধ্যমিক
বিদ্যালয়, প্রায় ৩৫টি মাদ্রাসা, প্রায় ১০টি কিন্ডার গার্টেনসহ প্রায় তিনশ' শিক্ষা
প্রতিষ্ঠান রয়েছে। কিন্তু শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রধান শিক্ষকের নির্দেশে
শিক্ষার্থীদের সহায়ক ও গাইড বইকেনার জন্য নির্ধারিত প্রকাশনীর বইয়ের
তালিকা দেয়া হয়। নির্ধারিত প্রকাশনীর সহায়ক বই ও গাইড না কিনলে সংশ্লিষ্ট
স্কুলে শিক্ষার্থীদের নানাভাবে হয়রানি হতে হয়। প্রথম শ্রেণী থেকে শুরু করে দশম
শ্রেণী পর্যন্ত, স্কুল মাদ্রাসার শিক্ষার্থীদের বিভিন্ন প্রকাশনীর গাইড কিনতে বাধ্য
করা হচ্ছে বলে অভিযোগ রয়েছে। সরকার যেখানে বিনা মূল্যে পাঠ্য বই দিচ্ছে,
সেখানে সহায়ক ও গাইড বই কিনতে বেশ টাকা চলে যাচ্ছে, একজন শিক্ষার্থীর
পিছে। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জামসেদ হাসান জানান আমরা
সোচ্চার আছি অভিযোগ পেলেই ব্যবস্থা গ্রহণ করবো।